
# ছাত্র আন্দোলন শিক্ষারই গুরুত্বপূর্ণ অংশ: জোনায়েদ সাকি



জোনায়েদ সাকি। ছবি: সংগৃহীত

ছাত্র আন্দোলনকে শিক্ষাজীবনের গুরুত্বপূর্ণ একটি অংশ হিসেবে দেখার কথা বলেছেন অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রী জোনায়েদ আব্দুর রহিম সাকি। তার মতে, ছাত্র আন্দোলনকে নেতিবাচকভাবে দেখার কোনো কারণ নেই।

শুক্রবার (১৪ আগস্ট) বেলা সাড়ে ১১টার দিকে শহীদ আ ন ম নজীব উদ্দিন খান খুররম অডিটোরিয়ামে আয়োজিত ৫ম জাতীয় বিতর্ক উৎসবে বক্তব্য দেওয়ার সময় তিনি এ কথা বলেন। ঢাকা কলেজ ডিবেটিং সোসাইটি এ অনুষ্ঠানের আয়োজন করে।

জোনায়েদ সাকি বলেন, অন্য মানুষের প্রতি বিবেচনাবোধ থেকেই মানুষের মধ্যে প্রতিবাদ ও প্রতিরোধের মানসিকতা তৈরি হয়। এই বোধ মানুষকে অন্যায়ের বিরুদ্ধে দাঁড়াতে, একসঙ্গে কাজ করতে এবং প্রয়োজনে ত্যাগ স্বীকার করতেও উদ্বুদ্ধ করে।

ঢাকা কলেজের বর্তমান অবকাঠামো নিয়েও কথা বলেন প্রতিমন্ত্রী। তিনি বলেন, কলেজটির ঐতিহ্য থাকলেও দীর্ঘ সময়েও এর চেহারায় উল্লেখযোগ্য পরিবর্তন দেখা যায়নি। প্রতিষ্ঠানটির উন্নয়নে এখন পরিবর্তন আনা প্রয়োজন।

তিনি জানান, ঢাকা কলেজের বিদ্যমান জায়গা ও সুযোগ-সুবিধা বিবেচনায় নিয়ে একটি মাস্টারপ্ল্যান করা হবে। সেই পরিকল্পনার ভিত্তিতে ধাপে ধাপে ক্যাম্পাসের উন্নয়ন করা হবে।

LENS ASIA